# D-Coral

Calcium Carbonate (from Coral Source)
& Vitamin $D_3$

**Composition: D-Coral:** Each tablet contains Calcium Carbonate (from Coral source) BP 1250 mg equivalent to 500 mg of elemental Calcium and Vitamin $D_3$ USP 200 IU.

**Pharmacology:** Adequate Calcium in the blood is so vital to a wide variety of bodily functions that our internal biochemistry will not tolerate a deficiency even for short periods. Clinical evidence suggests that Calcium is useful for the prevention and treatment of Osteoporosis and associated fractures. Vitamin $D_3$ is also essential for healthy bones as it aids in Calcium absorption from the GI tract. In addition to this it stimulates bone formation. Clinical studies also show that Calcium and Vitamin $D_3$ has synergistic effects on bone growth as well as in Osteoporosis and fracture prevention.

**Indication:** Calcium and Vitamin $D_3$ is used for the treatment of :

- Osteoporosis
- Osteomalacia
- Rickets
- Tetany
- Parathyroid disease etc.

**Dosage & Administration:** One tablet in the morning and one tablet at night or as directed by the physician.

**Contraindication:**

- Hypercalcemia and hyperparathyroidism
- Hypercalciuria and nephrolithiasis
- Hypersensitivity to the component of this preparation
- Severe renal insufficiencies
- Concomitant digoxin therapy (requires careful monitoring of serum Calcium level)

**Warnings and Precautions:** When hypercalcemia occurs, discontinuation of the drug is usually sufficient to return serum Calcium concentrations to normal. Patients with a history of stone formation should also be recommended to increase their fluid intake.

**Side effects:** Orally administered Calcium Carbonate may be irritating to the GI tract. It may also cause constipation. Hypercalcemia is rarely produced by administration of Calcium alone, but may occur when large doses are given to patients with chronic renal failure. Following administration of Vitamin $D_3$ Supplements, occasional skin rash has been reported.

**Use in Pregnancy & Lactation:** It should be used as directed by the physician during Pregnancy and Lactation.

**Use in Children & Adolescents:** Data regarding use in Children & Adolescents is insufficient.

**Drug Interaction:** It has possible interaction with digoxin, antacids containing Calcium, Aluminum or Magnesium, other Calcium supplements, Calcitriol, Tetracycline, Doxycycline, Aminocycline or Oxytetracycline etc. So while taking D-Coral with any of these drugs consultation of the physician is needed.

**Overdose:** Symptoms of overdose may include nausea and vomiting, severe drowsiness, dry mouth, loss of appetite, metallic taste, stomach cramps, unconsciousness, diarrhea, weakness, headache, constipation, dizziness or irritability.

**Storage:** Store in a cool and dry place at a temperature below 30 °C. Keep away from sunlight. Keep all medicines out of the reach of children.

**How Supplied: D-Coral:** Each box contains 3x10's tablets in Alu-Alu blister pack.

Goodman
Manufactured by:
Goodman Pharmaceuticals Ltd.
Better Health For All
Bhangnahati, Sreepur, Gazipur, Bangladesh

# ডি-কোরাল

ক্যালসিয়াম কার্বনেট (কোরাল উৎস থেকে)
এবং ভিটামিন ডি৩

**উপাদান: ডি-কোরাল:** প্রতিটি ট্যাবলেটে আছে ক্যালসিয়াম কার্বনেট (কোরাল উৎস থেকে) বিপি ১২৫০ মি. গ্রা. যা ৫০০ মি.গ্রা. মৌলিক ক্যালসিয়ামের সমতুল্য এবং ভিটামিন ডি৩ ইউএসপি ২০০ আই ইউ।

**ফার্মাকোলজি:** রক্তে পর্যাপ্ত ক্যালসিয়াম বিভিন্ন জৈব রাসায়নিক ক্রিয়ার জন্য অপরিহার্য। শারীরিক জৈব রসায়ন রক্তে ক্যালসিয়ামের অভাব অতি অল্প সময়ের জন্যও সহ্য করে না। ক্লিনিক্যাল পরীক্ষায় দেখা যায় ক্যালসিয়াম হাড়ের ক্ষয় ও ক্ষয়জনিত হাড় ভেঙ্গে যাওয়া প্রতিরোধ করে। ভিটামিন ডি৩ সুস্থ হাড়ের জন্য অত্যাবশ্যকীয়, এছাড়াও ইহা ক্যালসিয়ামের শোষণ বৃদ্ধিতে তথা হাড়ের ক্ষয় ও ক্ষয়জনিত ভাঙ্গন প্রতিরোধে অতিক্রিয়া দেখায়। ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩ অস্টিওপরোসিস এবং হাড়ের ভাঙ্গন রোধে ব্যবহৃত হয়।

**নির্দেশনা:** ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩ নিম্নলিখিত রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়-

- অস্টিওপরোসিস
- অস্টিওমেলাসিয়া
- রিকেটস
- টিটানি
- প্যারাথাইরয়েড রোগসমূহ ইত্যাদি।

**মাত্রা ও সেবনবিধি:**
১টি ট্যাবলেট দিনে ২ বার, সকালে এবং রাতে অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**প্রতিনির্দেশনা:**

- হাইপারক্যালসিমিয়া এবং হাইপারথাইরয়ডিজম
- হাইপারক্যালসিউরিয়া এবং নেফ্রলিথিয়াসিস
- অতিসংবেদনশীলতা
- বৃক্কের অকার্যকারিতা
- ডিজক্সিনের সাথে ব্যবহার (রক্তে ক্যালসিয়ামের মাত্রা সতর্কতার সাথে পর্যবেক্ষণ করতে হয়)

**সতর্কতা ও সাবধানতা:** মৃদু হাইপারক্যালসিমিয়া হলে মাত্রা বন্ধ করতে হবে। যে সকল রোগীর ক্ষেত্রে পাথর সৃষ্টির ইতিহাস জানা তাদেরকে তরল খাদ্যগ্রহণ বৃদ্ধির জন্য পরামর্শ দেওয়া উচিৎ।

**পার্শ্ব প্রতিক্রিয়া:** মৌখিক ক্যালসিয়াম কার্বনেট পাকস্থলী ও অন্ত্রের জন্য ক্ষতিকর হতে পারে। ইহার কারণে কোষ্ঠকাঠিন্যও হতে পারে। এককভাবে ক্যালসিয়াম সেবন করলে রক্তে ক্যালসিয়াম উচ্চমাত্রা হবার সম্ভাবনা খুবই কম, কিন্তু হাইপারক্যালসিমিয়া হতে পারে যদি ক্রনিক রেনাল ফেইলিউর রোগীদের উচ্চমাত্রায় দেয়া হয়। ভিটামিন ডি৩ সেবনের পরে সাধারণত খুব অল্প সংখ্যক রোগীর ত্বক লালচে হয়ে যায়।

**গর্ভকালীন এবং স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:** উভয়ক্ষেত্রেই চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার:** শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহারের প্রয়োজনীয় ডাটা পাওয়া যায়নি।

**অন্য ঔষধের সাথে প্রতিক্রিয়া:** ডিজক্সিন, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম বা অ্যালুমিনিয়ামযুক্ত এন্টাসিড, ক্যালসিট্রায়োল, টেট্রাসাইক্লিন, ডক্সিসাইক্লিন, অ্যামিনোসাইক্লিন, অক্সিটেট্রাসাইক্লিন ইত্যাদির সাথে প্রতিক্রিয়া হওয়ার সম্ভাবনা আছে। তাই উপরোক্ত ঔষধের সাথে **ডি-কোরাল** সেবনের সময় অবশ্যই চিকিৎসকের পরামর্শ নেয়া উচিৎ।

**মাত্রাধিক্য:** বমি বমি ভাব এবং বমি হওয়া, প্রচন্ড তন্দ্রাচ্ছন্নতা, মুখ শুষ্ক হওয়া, ক্ষুধামন্দা, ধাতব স্বাদ, পাকস্থলিতে মোচড়ানো, ডায়রিয়া, দুর্বলতা, মাথাব্যথা, কোষ্ঠকাঠিন্য এবং মাথা ঝিম ঝিম করা ইত্যাদি।

**সংরক্ষণ:** আলো থেকে দূরে ৩০ °সে. তাপমাত্রার নিচে ও শুষ্ক স্থানে রাখুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**বাণিজ্যিক মোড়ক:**
**ডি-কোরাল:** প্রতিটি বাক্সে রয়েছে ৩x১০ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

Goodman
প্রস্তুতকারক:
গুডম্যান ফার্মাসিউটিক্যাল্স লি:
Better Health For All
ভাংনাহাটি, শ্রীপুর, গাজীপুর, বাংলাদেশ